

যুবদের জাগরণ, বাংলাদেশের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
www.dyd.gov.bd.

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.১৬.০৪৯.১২-৩২৭

তারিখঃ ০৪-১২-১৭খ্রিঃ।

বিষয়ঃ গোপালগঞ্জ জেলার সকল উপজেলায় ঋণ কার্যক্রমের সিস্টেম জেনারেটেড রিপোর্ট সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের রিফ্রেশার কোর্স সংক্রান্ত।

যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ কার্যক্রমের কম্পিউটার জেনারেটেড (স্বয়ংক্রিয়) মাসিক প্রতিবেদন (অনলাইন রিপোর্টিং) প্রণয়ন ও প্রাপ্তির প্রক্রিয়া গোপালগঞ্জ জেলাধীন সকল উপজেলায় ২০১৪-১৫ অর্থবছরে সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে প্রস্তুতকৃত সফটওয়্যারে অনেক পরিবর্তন আনা হয়েছে এবং প্রতিবেদন প্রস্তুতকালে সংশ্লিষ্ট জনবলে সফটওয়্যারে ইনপুট দিতে এবং প্রতিবেদন মূল সার্ভারে প্রেরণ করতে কিছু সমস্যার সম্মুখীন হচ্চেন। এ লক্ষ্যে জেলা এবং উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট জনবলের সক্ষমতা বৃদ্ধির জন্য নিম্নবর্ণিত তারিখে গোপালগঞ্জ জেলায় ঋণ কার্যক্রমের সিস্টেম জেনারেটেড রিপোর্ট সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের দ্বিতীয়বারের মত রিফ্রেশার কোর্স আয়োজন করা হয়েছে;

তারিখ	প্রশিক্ষণ ভেন্যু	অংশগ্রহনকারী উপজেলার নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা
০৭/১২/২০১৭ খ্রিঃ	উপ পরিচালকের কার্যালয়, গোপালগঞ্জ	গোপালগঞ্জ জেলাধীন সকল উপজেলা	প্রতি উপজেলা হতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিএস-০১জন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/ক্যাশিয়ার, জেলা কার্যালয়ের উপপরিচালক/সহকারী পরিচালক ০১ জন ও প্রশিক্ষক (কম্পিউটার) ০১ জন ও জেলা কার্যালয়ের ডাটা এন্ট্রি অপারেটর মোট = (৩×৫)+৩= ১৮ জন

০২। প্রশিক্ষণে ফ্যাসিলিটিটের হিসেবে জনাব মোঃ পারভেজ মোল্যা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মনিরামপুর, যশোর এবং প্রধান কার্যালয়ের দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখার কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন। এ সংক্রান্তে গঠিত রিসোর্স পুলের নিম্নবর্ণিত কর্মকর্তাগণও কো-ফ্যাসিলিটিটের হিসেবে উপস্থিত থাকবেন-

নং	কো-ফ্যাসিলিটিটের নাম	পদবী	কর্মস্থল
০১.	জনাব মোঃ আব্দুল কাদের	সহকারী পরিচালক	যুব উন্নয়ন অধিদপ্তর, সাতক্ষীরা
০২.	জনাব ফ. মোঃ সরওয়ার মোর্শেদ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	যুব উন্নয়ন অধিদপ্তর, নগরকান্দা, ফরিদপুর

০৩। গোপালগঞ্জ জেলার প্রতিটি উপজেলা হতে নিম্নবর্ণিত দ্রব্যাদি রিফ্রেশার কোর্স শুরুর পূর্বদিন প্রশিক্ষণ ভেন্যুতে প্রেরণ নিশ্চিত করতে হবে;

ক. সংশ্লিষ্ট উপজেলার কম্পিউটার (যে কম্পিউটার লোকাল সার্ভার হিসেবে ব্যবহৃত হচ্ছে);

খ. মে-২০১৭ হতে নভেম্বর-২০১৭ পর্যন্ত ঋণের ম্যানুয়াল মাসিক প্রতিবেদনসমূহ (মূল প্রতিবেদন, মূল্যায়ন প্রতিবেদন ও ব্যাংক স্থিতিপত্র);

গ. ঋণ বিতরণ রেজিস্টার; ঘ. দৈনন্দিন/মাসিক আদায় রেজিস্টার (হালনাগাদ এন্ট্রিসহ);

ঙ. খেলাপী ঋণীর তালিকা, চ. প্রকৃত কিস্তি ও ঋণ খেলাপী এবং গ্রেস পিরিয়ডভুক্ত ঋণের পরিমাণ।

০৪। বর্ণিত প্রশিক্ষণে কো-ফ্যাসিলিটিটের গণ স্ব-স্ব ল্যাপটপসহ উপস্থিত থাকবেন।

০৫। প্রতিটি উপজেলা হতে আনীত/প্রেরিত কম্পিউটার সেট (সিপিইউ, মনিটর, কি বোর্ড, মাউস)-কে ট্যাগ বা মার্কিং করে রাখতে হবে, যাতে একটি অন্যটির সাথে মিশে না যায়।

০৬। এমতাবস্থায় প্রশিক্ষণ কোর্স আয়োজনের জন্য ভেন্যু নির্বাচন, ভেন্যুতে উপজেলা হতে আনীত সিপিইউ স্থাপন, প্রশিক্ষণ কক্ষে ইন্টারনেট কানেকটিভিটি ও মাল্টিমিডিয়া স্থাপন করে ভেন্যু প্রস্তুত এবং অংশগ্রহনকারীদের উপস্থিতি নিশ্চিত করাসহ প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭। প্রশিক্ষণে অংশগ্রহনকারী, ফ্যাসিলিটিটের এবং কো-ফ্যাসিলিটিটেরগণ বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্য হবেন।

  
(মোঃ শাহীন্সুর রহমান)  
সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)  
ফোন : ৯৫১৫০১৯  
Email-adddydpe@gmail.com

উপ-পরিচালক,  
যুব উন্নয়ন অধিদপ্তর, গোপালগঞ্জ।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.১৬.০৪৯.১২-৩২৭

তারিখঃ ০৪-১২-১৭খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। পরিচালক (প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। উপ পরিচালক (অর্থ ও অডিট), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো।


০৪। জনাব ----- ও কো-ফ্যাসিলিটিটের।

০৫। জনাব মোঃ পারভেজ মোল্যা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মনিরামপুর, যশোর ও ফ্যাসিলিটিটের।

০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ..... সংশ্লিষ্ট সকল উপজেলা ..... জেলা।

০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৮। অফিস কপি/গার্ড নথি।

  
(মোঃ শাহীন্সুর রহমান)  
সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)